



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল  
মেজারমেন্টস্ (বিআরআইসিএম)  
ড. কুদরাত-এ-খুদা সড়ক (ল্যাবরেটরি রোড), ধানমন্ডি,  
ঢাকা-১২০৫  
Web: www.bricm.gov.bd



স্মারক নম্বর: ৩৯.১১.০০০০.০০০.০১৫.৯৯.০০০১.২৬.১

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: চলমান ইরান-ইসরায়েল যুদ্ধে উদ্ভূক্ত জ্বালানি সংকট পরিস্থিতিতে জ্বালানি/বিদ্যুতের সুষ্ঠু ব্যবহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক আন্তর্জাতিক পরিস্থিতি, বিশেষ করে চলমান ইরান ও ইসরায়েল যুদ্ধের প্রেক্ষাপটে বৈশ্বিক জ্বালানি বাজারে অস্থিরতা সৃষ্টি হয়েছে, যার প্রভাব দেশের জ্বালানি ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার উপরও পড়তে পারে। এই প্রেক্ষিতে জ্বালানি সাশ্রয় এবং বিদ্যুৎ ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা অত্যন্ত জরুরি।

২। সরকার কর্তৃক জ্বালানি সংকট মোকাবিলায় জ্বালানি ব্যবহারের ক্ষেত্রে কৃচ্ছতা সাধন নিশ্চিত করার লক্ষ্যে জ্বালানি ব্যবহারে সর্বোচ্চ সংযম ও সাশ্রয়ী হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, বিআরআইসিএমের সকল কর্মকর্তা-কর্মচারীকে তাদের নিজ কর্মস্থলের বৈদ্যুতিক সরঞ্জামাদি যথা: লাইট, এসি, ল্যাবযন্ত্রসমূহ সহ অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন, অপ্রয়োজনীয় ব্যবহার পরিহার এবং যথাসম্ভব সাশ্রয় নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এক্ষেত্রে সকলকে বিশেষ করে ডিভিশন/সেকশন ইনচার্জগণ তাদের নিজ নিজ অধীনস্থ কর্মকর্তা কর্মচারীদের জ্বালানি সাশ্রয়ের বিষয়ে নির্দেশনা প্রদান ও নিজ ডিভিশন/সেকশনের অপ্রয়োজনীয় বিদ্যুতের ব্যবহার পরিহার এবং যথাসম্ভব সাশ্রয় নিশ্চিত করার জন্য করার অনুরোধ করা হলো।

১১-০৩-২০২৬  
সোলতান মোহাম্মদ ইসমাইল  
সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)

বিজ্ঞানী-কর্মকর্তা-কর্মচারী (সকল), বিআরআইসিএম, ঢাকা।

স্মারক নম্বর: ৩৯.১১.০০০০.০০০.০১৫.৯৯.০০০১.২৬.১/১ (৩)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। ডিভিশন/ সেকশন ইনচার্জ (সকল), (অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীদের বিষয়টি অবগতির নিশ্চিত করার অনুরোধসহ)।
- ২। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ) এবং
- ৩। ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, (মহাপরিচালকের মহোদয়ের অবগতির জন্য)।



*[Handwritten signature]*

১১-০৩-২০২৬

সোলতান মোহাম্মদ ইসমাইল  
সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)